# OFFICE OF THE ELECTION COMMISSION

**BKMEA Complex Bhaban, Chasara, Narayanganj-1400, Bangladesh.**
Phone: 880-9602321431, 880 9602321414 E-mail: electioncommission@bkmea.com, Web: www.bkmea.com


বিকেএমইএঃ নির্বাচন/২০২৫-২৭/আরচণবিধি (সংশোধিত)/২০২৫/০০৩
তারিখঃ ১১ মার্চ ২০২৫

## (সংশোধিত)

## বিকেএমইএ নির্বাচন ২০২৫-২০২৭ সংক্রান্ত আচরণবিধি

(১) নির্বাচন বোর্ড বানিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ এবং বিকেএমইএ'র সংঘস্মারক ও সংঘবিধিতে বর্ণিত নির্দেশনা অনুযায়ী নির্বাচনের সকল কার্যক্রম পরিচালনা করিবে। পরিচালনা পর্ষদ নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে হস্তক্ষেপ করিতে পারিবে না।

(২) নির্বাচন কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের উদ্দেশ্যে নির্বাচন বোর্ডের নির্দেশ অনুযায়ী এক বা একাধিক নির্বাচনী কর্মকর্তা নিযুক্ত করিবে।

(৩) নির্বাচন তফসিল জারী করার পর হইতে নির্বাচন সম্পন্ন হওয়া পর্যন্ত এই আচরণ বিধি প্রযোজ্য হইবে যাহা লংঘিত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া তাঁহার প্রার্থীপদ বাতিল করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে ঃ-

ক) নির্বাচন উপলক্ষ্যে বিজ্ঞাপন প্রদান, কোন প্রকার পোষ্টার, চিকা অথবা ব্যানার ব্যবহার করা যাইবে না।

খ) মিছিল করা অথবা শ্লোগান দেওয়া সম্পূর্ণ নিষিদ্ধ থাকিবে।

গ) ভোটারদের নিকট কেবল মাত্র সাদাকালো A4 Size এর প্রচারপত্র প্রেরণ করা যাইবে, তবে কোন রকম উপঢৌকন প্রেরণ করা যাইবে না।

ঘ) নির্বাচন বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী একক অথবা দলবদ্ধভাবে কোন হোটেল, রেস্তোরা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতি সভা অনুষ্ঠান, ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং উহাতে অংশ গ্রহণ করিতে পারিবে না।

চ) নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘন্টা পূর্ব হইতে সকল প্রকার নির্বাচনী প্রচারনা সম্পূর্ণ নিষিদ্ধ থাকিবে।

ছ) নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তাহার সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারণ ও পোষ্টার বহন সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকিবে। নির্বাচন কমিশন কর্তৃক ১০০ গজের বাহিরে প্রার্থী/ভোটারদের জন্য প্যান্ডেলের ব্যবস্থা থাকিবে।

জ) নির্বাচন বোর্ড কর্তৃক নির্দেশিত বিধান বহির্ভূতভাবে কোন প্রার্থী কিংবা ভোটার নির্বাচন কেন্দ্র এলাকায় অহেতুক অবস্থান করিতে পারিবে না।

(৪) নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের সভাপতিত্বে ও পরিচালনায় সকল প্রার্থীর পরিচিতি সভা অনুষ্ঠান করা যাইবে। প্রার্থীগণ নির্দিষ্ট সময়ের জন্য ভোটারদের উদ্দেশ্যে বক্তব্য পেশ করিতে পারিবেন। ব্যক্তিগত কুৎসা, অশালীন অথবা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাইবে না। প্রার্থী পরিচিতি সভার ব্যয় নির্বাহের জন্য নির্বাচন বোর্ড সকল প্রাথীর উপর সমান হারে ফি ধার্য করিতে পারিবে।

(৫) নির্বাচন বোর্ড ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে প্রবেশের জন্য ভোটারের সংখ্যা নিয়ন্ত্রণ করিবেন। নির্বাচন বোর্ড, নির্বাচন কর্মকর্তা, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ, নির্বাচনী প্রার্থী এবং কেবলমাত্র ভোট দানের জন্য আগত ভোটার ভিন্ন অন্য কাহারও ভোট গ্রহণ কক্ষে প্রবেশাধিকার থাকিবে না।

(৬) ভোট প্রদানের জন্য নির্ধারিত গোপন-কক্ষে এক সংগে একাধিক ভোটারের প্রবেশ নিষিদ্ধ থাকিবে। ভোট গ্রহণ কক্ষের বাহিরে ব্যালট পত্র নেওয়া যাইবে না।

(৭) ভোট গ্রহণ কক্ষে সকল ভোটার, নির্বাচন বোর্ড ও সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তার নিয়ন্ত্রণে বিধি মোতাবেক গোপন ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করিবেন। এই আদেশ বিধান লংঘন অথবা অসদাচরণ, প্রচারণা ও প্ররোচনায় লিপ্ত যে কোন প্রার্থী অথবা ভোটারকে নির্বাচন বোর্ড কেন্দ্র হইতে বহিষ্কার করিতে পারিবে।

(৮) নির্বাচন প্রার্থীবৃন্দ ভোট কেন্দ্র ও কক্ষে কেবল মাত্র নির্বাচন বোর্ড কর্তৃক সংরক্ষিত স্থান/আসনে অবস্থান করিতে পারিবেন এবং কেবল মাত্র নির্বাচন বোর্ডের অনুমতি গ্রহণপূর্বক একমাত্র ভোট দানের উদ্দেশ্যে ভোট প্রদান কক্ষের সংশ্লিষ্ট এলাকায় বিধি মোতাবেক প্রবেশ করিতে পারিবেন।

(৯) কোন প্রার্থী, ভোট গ্রহণ কক্ষে কোন ভোটারের সংগে কোন প্রকার আলাপ ও প্রচারণায় লিপ্ত হইতে পারিবেন না।

(১০) চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত নহে কিংবা জাল ভোট দান কিংবা ইতোমধ্যে ভোট দিয়েছেন, এমন ভোটারের বিরুদ্ধে অথবা অন্য কোন আচরণবিধি লংঘনের বিরুদ্ধে প্রার্থীগণ নির্বাচন বোর্ড ও নির্বাচন কর্মকর্তার নিকট আপত্তি দাখিল করিতে পারিবেন।

(১১) নির্বাচন বোর্ড এইরূপে দাখিলকৃত আপত্তি, অভিযোগের সুরাহা করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(১২) নির্বাচন বোর্ড কিংবা নির্বাচনী কর্মকর্তার নিষেধ বা সতর্কীকরণ সত্ত্বেও কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে আলাপচারিতা ও প্রচারনায় লিপ্ত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া তাহার প্রার্থীপদ বাতিল করা যাইতে পারে।

(১৩) নির্বাচন বোর্ড ব্যালট পত্র নির্ধারন করিবে। ব্যালট পত্রের প্রথম অংশে ব্যালট পত্র নং মুদ্রিত থাকিবে এবং ব্যালট পত্র আবশ্যিকভাবে নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের স্বাক্ষর ও সীল সম্বলিত হইতে হইবে অন্যথায় উহা গ্রহণযোগ্য হইবে না।

(১৪) প্রত্যেক ভোটারকে স্বশরীরে ভোট কেন্দ্রে উপস্থিত হইয়া ভোট প্রদান করিতে হইবে। প্রক্সির মাধ্যমে কোন ভোট প্রদান করা যাইবে না। ভোট প্রদানের জন্য ভোটারকে নির্বাচন কমিশন কর্তৃক ইস্যুকৃত ভোটার আইডি কার্ডটি অবশ্যই সঙ্গে করে নিয়ে আসিতে হইবে। অন্যথায় ব্যালট পেপার ইস্যু করা হইবে না।

(১৫) একই ব্যক্তি একাধিক প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করিতে পারিবেন। অর্থাৎ কোন ব্যক্তি একাধিক প্রতিষ্ঠানের মালিক হইলে এবং এসোসিয়েশনে একাধিক সদস্য পদ গ্রহন করিলে প্রতিটি সদস্য পদের বিপরীতে ১ (একটি) করে ভোট প্রদান করিতে পারিবেন।

(১৬) ঋন খেলাপী/কর খোলাপী (ব্যাংক কতৃক দেউলিয়া ঘোষিত) কোন ব্যক্তি বাণিজ্য সংগঠনের নির্বাহী কমিটি/পরিচালনা পরিষদের কোন নির্বাচনে প্রতিদ্বন্দিতা করিতে পারিবেন না অথবা কোন পদে অধিষ্ঠিত থাকিতে পারিবে না; যদি তিনিঃ

ক) বাণিজ্য সংগঠন আইন, ২০২২ বা আপাতত বলবৎ অন্য কোন আইনের অধীন কোন ফৌজদারী অপধারে দোষী সাব্যাস্ত হইয়া কারাদন্ডে দন্ডিত হন এবং তাহার মুক্তি লাভের পর ০৫ (পাঁচ) বছর অতিবাহিত হইয়া না থাকে;

খ) ঋণখেলাপি অথবা হালনাগাদ আয়কর, শুল্ক, ভ্যাট পরিশোধ না করিয়া থাকেন; তবে শর্ত থাকে যে, কোন পদে নির্বাচিত হইবার পর সংশ্লিষ্ট ব্যাক্তি ঋণ খেলাপীর তালিকাভূক্ত হইবার ১৮০ দিনের মধ্যে উক্ত ঋণ বা কর পরিশোধ না করিলে উক্ত পদ শুন্য বলিয়া গন্য হইবে।

(১৭) শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার, সাহায্যকারী ব্যতীত ভোট দানে অপারগ হইলে নির্বাচন বোর্ড নির্বাচন কর্মকর্তা বৃন্দের মধ্য হইতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকারী নিযুক্ত করিবেন।

(১৮) ভোট গ্রহণ প্রারম্ভের অন্তত ১৫ মিনিট পূর্বে নির্বাচন বোর্ড নির্বাচন প্রার্থীগণের (যদি উপস্থিত থাকেন) সম্মুখে নিরীক্ষন করিয়া শূণ্যতার নিশ্চয়তার বিধানপূর্বক ব্যালট বাক্সটি বন্ধ ও সীল করিবেন এবং নির্বাচন বোর্ড, প্রার্থী ও ভোটারদের নিকট দৃশ্যমান একটি উপযোগী স্থানে স্থাপন করিবেন।

(১৯) একটি ব্যালট বাক্স পূর্ণ কিংবা আরও ভোট গ্রহণের জন্য নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের নিকট ব্যবহারে অনুপযোগী প্রতীয়মান হইলে তিনি সংশ্লিষ্ট ব্যালট বাক্সটি সীল করিয়া নিরাপদ ও দৃশ্যমান স্থানে সংরক্ষন করতঃ উহার স্থলে অপর একটি শূন্য ও সীলকৃত ব্যালট বাক্সে ভোট গ্রহণ করিবেন।

(২০) ভোট গ্রহণকালীন সময়ে বিশেষ পরিস্থিতিতে ভোট গ্রহণ স্থগিত করা হইলে ব্যালট বাক্স সীল করিয়া নির্বাচন বোর্ড কর্তৃক ভোট গ্রহণ পুনরায় আরম্ভ না করা পর্যন্ত সংরক্ষিত থাকিবে।

(২১) নির্বাচনী তফসিলে উল্লেখিত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রের ভিতরে উপস্থিত সকল ভোটার ভোট দান করিতে পারিবেন।

(২২) ভোটার তালিকায় নাম অন্তর্ভূক্ত নেই এমন কোন ব্যাক্তি নির্বাচনে প্রার্থী বা প্রস্তাবকারী কিংবা সমর্থনকারী হতে পারবেন না।

(২৩) নির্বাচন উপলক্ষ্যে সকল ভোটারদের তালিকা সন্নিবেশ করে একটি ভোটার গাইড বই প্রিন্ট করা হবে। যা (প্রতিটি) ১০০০/- টাকার বিনিময়ে ক্রয় করা যাবে।

(২৪) ভোট প্রদান সমাপ্ত হইলে ভোট গ্রহণ বন্ধ করা হইবে। অতঃপর ভোট গণনা শুরু হইবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত একটানা চলিতে থাকিবে। প্রার্থীগণ ভোট গণনার সময় উপস্থিত থাকিতে পারিবেন। তবে কোন প্রার্থী ভোট গণনার সময় নিজে উপস্থিত না থাকিলে নির্বাচন বোর্ডের পূর্বানুমতিক্রমে তাঁহার পক্ষে একজন প্রতিনিধি নিযুক্ত করিতে পারিবেন।

(২৫) নির্বাচন বোর্ড ভোট গণনার উদ্দেশ্যে ব্যালট বাক্স হইতে ব্যালট পত্র বাহির করিয়া প্রাপ্ত ব্যালট পত্রের সংখ্যা লিপিবদ্ধ করতঃ ভোট গণনা শুরু করিবে। নিম্নোল্লিখিত ক্ষেত্রে ব্যালট পত্র বাতিল বলিয়া গণ্য হইবে, যথা ঃ-

ক) নির্বাচনী কর্মকর্তার স্বাক্ষর ও সীল না থাকিলে;

খ) নির্ধারিত সংখ্যক পদের অতিরিক্ত অথবা কম সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করা হইলে; এবং

গ) কাটাকাটি, ওভার রাইটিং সম্বলিত অস্পষ্ট ও ব্যালট পত্রের নির্দেশাবলী লংঘন করিয়া পূরণকৃত ব্যালট পত্র।

নির্বাচন বোর্ড উপর্যুক্ত বাতিলকৃত ব্যালট পত্র বান্ডিল বন্ধ করিয়া উহার সংখ্যা লিপিবদ্ধ করিবে।

(২৬) নির্বাচন বুথে কোন প্রার্থীর বা ভোটারের বা অন্য কারো ক্যামেরা, মোবাইল অথবা যে কোন ধরনের আগ্নেয়াস্ত্র নিয়ে প্রবেশ করা সম্পূর্ণ নিষিদ্ধ।

(২৭) প্রয়োজনীয় ক্ষেত্রে নির্বাচন আচরণবিধির পরিবর্তন, পরিমার্জন ও সংশোধণ করার এখতিয়ার নির্বাচন বোর্ড রাখে।

সফিউল্লা চৌধুরী
চেয়ারম্যান
বিকেএমইএ নির্বাচন বোর্ড ২০২৫-২০২৭

Saifullah Chowdhury
Chairman
BKMEA Election Board 2025-27